

# বাংলাদেশ বার কাউন্সিল

বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা-১০০০।

ফোনঃ ৯৫৬৭০৫৬, ৯৫৬৯৮০৭, ৯৫৬৯৮০৯, ফ্যাক্স- ৯৫৫৪৯৫৯

www.barcouncil.gov.bd

স্মারক নং-বিবিসি/রেজিঃ/২০১৭/জরুরী-০২০৩১৭

তারিখ: ০২ মার্চ, ২০১৭ খ্রিষ্টাব্দ

## নোটিশ

[ রেজিস্ট্রেশন কার্ড বিতরণ সংক্রান্ত ]

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, নিম্নলিখিত বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণকে নিম্নবর্ণিত শিডিউল অনুযায়ী তৃতীয় ধাপে বার কাউন্সিলের রেজিস্ট্রেশন কার্ড প্রদান করা হইবে। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণকল্পে এই নোটিশে উল্লিখিত সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত সেমিস্টারের শিক্ষার্থীগণকে এতদসংযুক্ত “নমুনা ফরম” পূরণ ও জমাদানপূর্বক এবং টোকেন সংগ্রহপূর্বক নির্ধারিত তারিখ ও সময়ে বার কাউন্সিল অফিস হইতে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করিবার জন্য বলা হইল। পরবর্তীতে অন্যান্য বেসরকারী বিশ্ববিদ্যালয়ের (বার কাউন্সিলের চাহিত সকল কাগজপত্র ও তথ্যাদি নির্ধারিত ফরম্যাট অনুযায়ী স্ব স্ব বিশ্ববিদ্যালয় হইতে যথাযথভাবে প্রাপ্তি সাপেক্ষে) শিক্ষার্থীগণকে ধারাবাহিকভাবে ধাপে ধাপে রেজিস্ট্রেশন কার্ড প্রদান করা হইবে, যাহা যথাসময়ে নোটিশের মাধ্যমে অবহিত করা হইবে।

ক্রমিক নং	বিশ্ববিদ্যালয়ের নাম	ঠিকানা	সেমিস্টার/ব্যাচ (অনার্স)	রেজিস্ট্রেশন কার্ড প্রদানের তারিখ ও সময়
০১।	স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি	ধানমন্ডি, ঢাকা।	সামার-২০১৪ ফল-২০১৪ স্প্রিং-২০১৫ সামার-২০১৫ ফল-২০১৫	<u>০৫-০৩-২০১৭ইং (রবিবার)</u> (নমুনা ফরম অবশ্যই সকাল ১০.০০ ঘটিকা হইতে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে জমা প্রদান করিয়া টোকেন সংগ্রহ করিতে হইবে) <u>০৮-০৩-২০১৭ইং (বুধবার)</u> (সকাল ১০.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে টোকেন জমা দিয়া রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করিতে হইবে)*
			সামার-২০১৪ ফল-২০১৪ স্প্রিং-২০১৫ সামার-২০১৫ ফল-২০১৫	<u>০৬-০৩-২০১৭ইং (সোমবার)</u> (নমুনা ফরম অবশ্যই সকাল ১০.০০ ঘটিকা হইতে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে জমা প্রদান করিয়া টোকেন সংগ্রহ করিতে হইবে) <u>০৯-০৩-২০১৭ইং (বৃহস্পতিবার)</u> (সকাল ১০.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে টোকেন জমা দিয়া রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করিতে হইবে)*

\* জোহরের নামাজ ও দুপুরের খাবারের জন্য বিরতি থাকিবে দুপুর ১.০০ টা হইতে ২.৩০ ঘটিকা পর্যন্ত।

\* বৈদ্যুতিক/যান্ত্রিক ত্রুটির কারণে রেজিস্ট্রেশন কার্ড প্রস্তুতি/বিতরণে বিলম্ব ঘটিলে সেইক্ষেত্রে প্রার্থীগণকে পরবর্তীতে অফিসে যোগাযোগ করিতে হইবে।

উপরোক্ত শিডিউল মোতাবেক সংশ্লিষ্ট প্রার্থীগণকে নির্ধারিত ‘নমুনা ফরম’ যথাযথভাবে পূরণ করিয়া বার কাউন্সিল ভবনের নীচ তলার নির্ধারিত কক্ষ/কাউন্টারে জমা দিতে হইবে এবং তাহাদের রেজিস্ট্রেশন কার্ড (সকল কাগজপত্র সঠিক থাকা সাপেক্ষে) নীচতলার নির্ধারিত কক্ষ/কাউন্টার হইতে বিতরণ করা হইবে। নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী ‘নমুনা ফরম’ জমা দিয়া টোকেন সংগ্রহ করিতে ব্যর্থ হইলে কার্ড প্রদান করা সম্ভব হইবে না।

ইন্টিমেশন ফরম তথা ‘পিউপিলেজ রেজিস্ট্রেশন ফরম’ বিধি মোতাবেক (নির্ভুলভাবে এবং পূর্ণাঙ্গরূপে পূরণকৃত ও চাহিত সকল কাগজপত্রসহ যথাযথভাবে প্রস্তুতকৃত) জমাদানের পর ০৬ (ছয়) মাস অতিক্রান্ত না হইলে রেজিস্ট্রেশন কার্ড প্রস্তুত হয় না।

রেজিস্ট্রেশন কার্ড বিতরণ কার্যক্রম সুষ্ঠু, সুশৃঙ্খল এবং গতিশীলভাবে সম্পন্নের স্বার্থে সংশ্লিষ্ট সকলকে এই নোটিশে বর্ণিত সময়সূচী/নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করিতে অনুরোধ করা হইল। এর কোনরূপ ব্যত্যয় ঘটিলে কার্ড বিতরণ করা সম্ভব হইবে না।

স্বাঃ/-

মোহাম্মদ আনিসুর রহমান

সচিব

(জেলা ও দায়রা জজ)

বাংলাদেশ বার কাউন্সিল।

বিশেষ দৃষ্টব্যঃ ইন্টিমেশন ফরমে প্রদত্ত নাম/ভার্সিটি-আইডি ইত্যাদি তথ্যের সাথে সংশ্লিষ্ট বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রেরিত শিক্ষার্থী তালিকায় দেওয়া নাম/আইডি/তথ্যে কোনরূপ গরমিল/অসঙ্গতি পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড প্রস্তুত হইবে না। সমস্ত কাগজপত্র/তথ্য সঠিক/যথাযথ/নির্ভুল থাকিলেই কেবলমাত্র রেজিস্ট্রেশন কার্ড প্রস্তুত হইতে পারে। এই নোটিশে উল্লিখিত সেমিস্টারসমূহ ছাড়া অন্য কোন সেমিস্টার/শিক্ষাবর্ষের প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড এই দিনে প্রস্তুত হইবে না।

উল্লিখিত তারিখে সংশ্লিষ্ট বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ ব্যতীত অন্যান্য সকল (হাইকোর্ট পারমিশন ও জজকোর্ট) রেজিস্ট্রেশন-প্রার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম সীমিত পরিসরে থাকিবে।

\* ‘নমুনা ফরম’ অপর পৃষ্ঠায় সংযুক্ত করা হইল।

One copy  
Passport Size  
Colour Photo  
(Attach Here)

## Sample Form

[To Collect Registration Card]

1. Name of the applicant (In block letter) : .....
2. Father's Name : .....
3. Name of Pupil Master (Senior) : .....
4. Intimation Form Submission Date  
(Pupilage Registration Form) : .....
5. Mobile Number : .....
6. Academic qualifications:

Name of the Examination (starting from SSC or equivalent)	Year of Passing	Semester	Roll No./ID	Board/University	Division/Class / CGPA

Date: .....

.....  
Signature of the Applicant

Enclosure:

1. Attested copies of LL.B Certificate and Mark Sheet.